

বাংলাদেশ দূতাবাস  
এথেন্স, গ্রীস

০৮ এপ্রিল ২০১৬  
২৫ চৈত্র ১৪২২

## বিজ্ঞপ্তি (সংশোধিত)

বাংলা ১৪২৩ বর্ষবরণ অনুষ্ঠান উদ্ব্যাপনের লক্ষ্যে বাংলাদেশ দূতাবাস, এথেন্স আগামী রবিবার, ১৭ই এপ্রিল ২০১৬ তারিখে(৪ বৈশাখ ১৪২৩) দূতাবাস প্রাঙ্গণে দিনব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠান ও বাংলাদেশি খাবার উৎসবের আয়োজন করেছে। গ্রীসে বসবাসরত সকল বাংলাদেশিদের সপরিবার, সবান্ধব উক্ত অনুষ্ঠানসমূহে অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে। উক্ত বৈশাখী মেলায় র্যাফেল ড্র ও আকর্ষণীয় পুরস্কার রয়েছে। খাবারের স্টল খোলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য দূতাবাসের সহকারি কনসুলার কর্মকর্তা জনাব রাজীব আহমেদ ও ব্যক্তিগত কর্মকর্তা জনাব মোঃ সোহেল রানার সাথে ১০ই এপ্রিল ২০১৬ তারিখের মধ্যে (২৭ চৈত্র ১৪২২) যোগাযোগ করার জন্য আহ্বান জানানো যাচ্ছে। দূতাবাসের স্টলসমূহ 'আগে আসলে আগে পাবেন' ভিত্তিতে বরাদ্দ প্রদান করা হবে।

সাংস্কৃতিক অনুষ্ঠান ও খাদ্য উৎসবের সময়সূচি: সকাল ১০.০০ - সন্ধ্যা ৭.০০

যোগাযোগের ফোন নম্বর: ২১০-৬৭২০২৫৪, ২১০-৬৭২০২৫৬



ধন্যবাদান্তে, ০৪.০৪.২০১৬  
দূতাবাস কর্তৃপক্ষ